

🗏 আল-আন'আম | Al-An'am | ٱلْأَنْعَام

আয়াতঃ ৬: ৭৬

💵 আরবি মূল আয়াত:

فَلَمَّا جَنَّ عَلَيهِ الَّيلُ رَا كُوكَبًا قَالَ هٰذَا رَبِّي فَلَمَّا اَفَلَ قَالَ لَا أُحِبُّ الْأَفِلِينَ ﴿٧٤﴾

অতঃপর যখন রাত তার উপর আচ্ছন্ন হল, সে তারকা দেখল, বলল, 'এ আমার রব'। অতঃপর যখন তা ডুবে গেল, তখন সে বলল, 'যারা ডুবে যায় আমি তাদেরকে ভালবাসি না'। — আল-বায়ান

রাতের আঁধার যখন তাকে আচ্ছন্ন করল তখন সে নক্ষত্র দেখতে পেল, (তখন) বলল, এটাই হচ্ছে আমার প্রতিপালক। কিন্তু যখন তা অস্তমিত হল, সে বলল, যা অস্তমিত হয়ে যায় তার প্রতি আমার কোন অনুরাগ নেই।
— তাইসিরুল

যখন রাতের অন্ধকার তাকে আবৃত করল তখন সে আকাশের একটি নক্ষত্র দেখতে পেল, আর বললঃ এটাই আমার রাব্ব! কিন্তু যখন ওটা অস্তমিত হল তখন সে বললঃ আমি অস্তমিত বস্তুকে ভালবাসিনা। — মজিবর রহমান

So when the night covered him [with darkness], he saw a star. He said, "This is my lord." But when it set, he said, "I like not those that disappear." — Sahih International

৭৬. তারপর রাত যখন তাকে আচ্ছন্ন করল তখন তিনি তারকা দেখে বললেন, এ আমার রব। তারপর যখন সেটা অস্তমিত হল তখন তিনি বললেন, যা অস্তমিত হয় তা আমি পছন্দ করি না।

তাফসীরে জাকারিয়া

- (৭৬) অতঃপর রাতের অন্ধকার যখন তাকে আচ্ছন্ন করল, তখন সে নক্ষত্র দেখে বলল, 'ঐটিই আমার প্রতিপালক।' অতঃপর যখন ঐটি অস্তমিত হল, তখন সে বলল, 'যা অস্তমিত হয় তা আমি পছন্দ করি না।' [1]
 - [1] অর্থাৎ, অন্তগামী উপাস্যদেরকে পছন্দ করি না। কারণ, অন্ত যাওয়া হল, অবস্থার পরিবর্তন ঘটার দলীল এবং তা হল, ধ্বংস হওয়ার দলীল। আর ধ্বংসশীল কখনো উপাস্য হতে পারে না।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=865

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন